



স্মারক নং: ৪৪৪/ক/খী/৯৪/১১৪৫

তারিখ: ০৭/০৫/২০২৪

বিষয়: গাজীপুর জেলার টঙ্গী থানাধীন সফিউদ্দিন সরকার একাডেমি এন্ড কলেজ এর সিনিয়র শিক্ষক(বরখাস্তকৃত), জনাব মোস্তফা আমীর ফয়সল -কে চূড়ান্ত বরখাস্ত প্রসঙ্গে।

- সূত্র: ১) গভর্নিং বডি'র সিদ্ধান্তসহ অধ্যক্ষের ৩১/০১/২০২৪ তারিখের আবেদন।  
২) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর ২৫/০৩/২০২৪ তারিখের তদন্ত প্রতিবেদন।  
৩) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর আপীল এন্ড আরবিট্রেশন কমিটির ২৮/০৩/২০২৪ তারিখের সভার যাচাই বাছাই ও মতামত।  
৪) ২৮/০৩/২০২৪ তারিখের আপীল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক যাচাই বাছাই ও মতামতের ভিত্তিতে ০৪/০৪/২০২৪ তারিখের ২৩০ তম বোর্ড সভায় অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার টঙ্গী থানাধীন সফিউদ্দিন সরকার একাডেমি এন্ড কলেজ এর সিনিয়র শিক্ষক(বরখাস্তকৃত), জনাব মোস্তফা আমীর ফয়সল - এর বিরুদ্ধে আনীত অভিযোগ: "টঙ্গীস্থ মধ্য আউচপাড়ার কলেজ রোডের সিরাজের ডিশ/জেনারেটরের অফিসের পেছন থেকে পুলিশ কর্তৃক নারীসহ মদ্যপ অবস্থায় গত ২৫/০১/২০২২ খ্রি. তারিখে আটক ও আদালতে প্রেরণ এবং আদালতে দোষ স্বীকার ও জরিমানা প্রদানপূর্বক কারামুক্তি।" বর্ণিত অভিযোগের প্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর আপীল এন্ড আরবিট্রেশন কমিটির গত ২৮/০৩/২০২৪ তারিখের সভায় বিস্তারিত আলোচনা, প্রাপ্ত তদন্ত প্রতিবেদন ও অন্যান্য তথ্য উপাত্ত বিশ্লেষণ করে গভর্নিং বডি কর্তৃক গৃহীত চূড়ান্ত বরখাস্তের সিদ্ধান্ত অনুমোদন করার সুপারিশ করা হয়।

এমতাবস্থায়, গত ২৮/০৩/২০২৪ তারিখে অনুষ্ঠিত আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সুপারিশ এবং ০৪/০৪/২০২৪ তারিখে অনুষ্ঠিত ২৩০তম বোর্ড সভার গৃহীত সিদ্ধান্ত মোতাবেক গাজীপুর জেলার টঙ্গী থানাধীন সফিউদ্দিন সরকার একাডেমি এন্ড কলেজ এর সিনিয়র শিক্ষক(বরখাস্তকৃত), জনাব মোস্তফা আমীর ফয়সল-এর গভর্নিং বডি কর্তৃক চূড়ান্ত বরখাস্তের বিষয়টি অনুমোদন লাভ করে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাক্ষর:

প্রফেসর আজাদ হোসেন চৌধুরী  
সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন: ০২২২-৩৩-৬৯৮১৩

ইমেইল: secretary@dhakaeducationboard.gov.bd

সভাপতি, গভর্নিং বডি  
সফিউদ্দিন সরকার একাডেমি এন্ড কলেজ (ইআইআইএন-১০৯০৬৩)  
টঙ্গী, গাজীপুর।

মেমো নং-১১৪৫(৬)

তারিখ: ০৭/০৫/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩. মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
৪. জেলা প্রশাসক, গাজীপুর।
৫. উপজেলা নির্বাহী অফিসার, সদর, গাজীপুর।
৬. জেলা শিক্ষা অফিসার, গাজীপুর।
৭. অধ্যক্ষ, সফিউদ্দিন সরকার একাডেমি এন্ড কলেজ, টঙ্গী, গাজীপুর।
৮. জনাব মোস্তফা আমীর ফয়সল, সিনিয়র শিক্ষক(বরখাস্তকৃত), সফিউদ্দিন সরকার একাডেমি এন্ড কলেজ, টঙ্গী, গাজীপুর।
৯. পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. অফিস কপি।

সচিব ০৭.০৫.২৪  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,  
ঢাকা